গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
অগ্নি শাখা-২
www.ssd.gov.bd

২০২৩-২৪ অর্থবছরের সুরক্ষা সেবা বিভাগের নৈতিকতা কমিটির ২য় সভার কার্যবিবরণী :

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মো: সাইফুল ইসলাম<br>অতিরিক্ত সচিব,<br>(সচিবের রুটিন দায়িত্বে), সুরক্ষা সেবা বিভাগ |
| সভার তারিখ | : | ১৬ অক্টোবর ২০২৩ |
| সময় | : | ১২.৩০ টা |
| স্থান | : | স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ |

উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে উপস্থাপন করা হলো।

সভার শুরুতে সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। শুদ্ধাচার চর্চা ও দুর্নীতি প্রতিরোধের মাধ্যমে রাষ্ট্র ও সমাজে সুশাসন প্রতিষ্ঠা করার লক্ষ্যে প্রায় সকল মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানসমূহ ২০১৫ সাল থেকে শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন করে আসছে। সভাপতি শুদ্ধাচার ফোকালপয়েন্ট কে আলোচ্যসূচী অনুযায়ী আলোচনা শুরু করার আহবান জানান। শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান, দুর্নীতিমুক্ত স্বচ্ছ প্রশাসন গড়ে তোলার লক্ষ্যে গঠিত নৈতিকতা কমিটি সংশ্লিষ্ট সেক্টরে শুদ্ধাচার প্রতিষ্ঠার অন্তরায় চিহ্নিতকরণ এবং তা দূরীকরণে সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও পরিবীক্ষণে কাজ করে যাচ্ছে।

০২। বিগত সভার কার্যবিবরণী অনুমোদন:

১৬/০৭/২০২৩ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

০৩। বিগত সভায় গৃহিত সিদ্ধান্ত ও বাস্তবায়ন অগ্রগতি:

| ক্রম | আলোচনা | গৃহিত সিদ্ধান্ত |
|---|---|---|
| ১ | সুরক্ষা সেবা বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থার ২০২৩-২৪ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুমোদন; | বাস্তবায়িত। |
| ২ | শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে চিহ্নিত অন্তরায়সমূহ দূর করার লক্ষ্যে গৃহিত স্বল্প, মধ্য এবং দীর্ঘমেয়াদী কর্মপরিকল্পনা বাস্তবায়ন অব্যাহত রাখতে হবে; | চলমান। |
| ৩ | প্রতি ত্রৈমাসিকের প্রথম মাসেই নৈতিকতা কমিটি'র সভা আয়োজন করতে হবে; | কার্যক্রম অব্যহত। |
| ৪ | পিপিআর-২০০৮ এর তফসিল ৫ এ বর্ণিত ফর্ম অনুসরণ করে রাজস্ব এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয় পরিকল্পনা ৩১ জুলাই ২০২৩ তারিখের মধ্যে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে; | ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। |
| ৫ | দপ্তর/সংস্থা কর্তৃক অংশীজনের অংশগ্রহণে ন্যূনতম ২টি সভা এবং সুরক্ষা সেবা বিভাগের ০১টি সভা আবশ্যিকভাবে বিভাগীয়/জেলা/উপজেলা পর্যায়ে বড় পরিসরে অনেক বেশি সংখ্যক অংশীজনের উপস্থিতিতে আয়োজন করতে হবে; | কার্যক্রম অব্যহত |
| ৬ | সুরক্ষা সেবা বিভাগের কর্মপরিকল্পনায় গৃহিত শুদ্ধাচার বা দুর্নীতি প্রতিরোধে সহায়ক কাজের অংশ হিসেবে উন্নয়ন প্রকল্পের কাজ পরিদর্শন ও মূল্যায়ণের লক্ষ্যে একটি চেক লিস্ট তৈরী করতে হবে; | পরিকল্পনা শাখা কর্তৃক চেক লিস্ট তৈরী করা হয়েছে। |
| ৭ | বিভাগীয় মামলা ব্যবস্থাপনার জন্য অনলাইন মনিটরিং সিস্টেম চালুকরণের লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ নিতে হবে; | সংশ্লিষ্ট শাখা হতে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হয়েছে। |
| ৮ | ২০২৩-২৪ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় গৃহিত কার্যক্রম বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে পত্র দিতে হবে; | ইতোমধ্যে পত্র প্রদান করা হয়েছে। |
| ৯ | নির্দিষ্ট সময়ের মধ্যে আওতাধীন দপ্তর/সংস্থার ২০২২-২৩ অর্থবছরের শুদ্ধাচার | বাস্তবায়িত। |

| ক্রম | আলোচনা | গৃহিত সিদ্ধান্ত |
| --- | --- | --- |
| | কৌশল কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণপূর্বক মূল্যায়ন সম্পন্ন করতে হবে। | |

০৪। শুদ্ধাচার ফোকালপয়েন্ট কর্মকর্তা সুরক্ষা সেবা বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থার আগামী ২০২৩-২৪ অর্থবছরের গৃহিত শুদ্ধাচার কর্মপরিকল্পনার প্রতিটি কার্যক্রম সভায় অবহিত করেন। মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রণীত নির্দেশিকা প্রতিটি কার্যক্রমের লক্ষ্যমাত্রা এবং প্রমাণক হিসেবে যেসব তথ্যাদি প্রয়োজন হবে সে সর্ম্পকে বিস্তারিত আলোকপাত করেন। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহিত হয়:

৪.১। সুরক্ষা সেবা বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থায় কর্মরত সকলের জন্য শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণের আয়োজন করতে হবে। প্রশিক্ষণের জন্য পর্যাপ্ত অর্থের সংস্থান না থাকলে শুদ্ধাচার সংক্রান্ত মতবিনিময় সভার আয়োজন করতে হবে;

৪.২। প্রকল্প সমাপ্তি শেষে দুই মাসের মধ্যে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করতে হবে। যে সকল দপ্তর/সংস্থার সমাপ্ত যোগ্য প্রকল্প নেই তাদের ক্ষেত্রে কর্মপরিবেশ উন্নয়ন সংক্রান্ত অতিরিক্ত একটি কার্যক্রম গ্রহণ করতে হবে;

৪.৩। ক্রয় পরিকল্পনা বাস্তবায়নের ক্ষেত্রে আবশ্যিকভাবে ক্রয় পরিকল্পনায় উল্লিখিত ক্রয় পদ্ধতি অথবা প্রযোজ্য ক্ষেত্রে সংশোধিত ক্রয় পরিকল্পনার পদ্ধতি অনুসরন করতে হবে;

৪.৪। চলমান প্রকল্পের ডিপিপি/টিএপিপি'তে নির্ধারিত প্রমাপ অনুযায়ী PSC/PIC সভা আয়োজন করতে হবে;

৪.৫। আওতাধীন অফিসসমূহ কর্তৃক দাখিলকৃত অগ্রগতির প্রতিবেদনের বিষয়ে পৃথক ভাবে ফিডব্যাক প্রদান করতে হবে;

৪.৬। শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে চিহ্নিত অন্তরায়সমূহ দূর করার লক্ষ্যে গৃহিত স্বল্প, মধ্য এবং দীর্ঘমেয়াদী কর্মপরিকল্পনা বাস্তবায়ন অব্যাহত রাখতে হবে;

০৫। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়নের বিষয়ে গুরুত্বারোপ করে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মো: সাইফুল ইসলাম
অতিরিক্ত সচিব
(সচিবের রুটিন দায়িত্বে)
সুরক্ষা সেবা বিভাগ।

স্মারক নং-৫৮.০০.০০০০.০৫৩.৩২.০০২.২৩-২৯৬

তারিখ : ১৪ কার্তিক ১৪৩০ / ৩০ অক্টোবর ২০২৩

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১) অতিরিক্ত সচিব (সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
২) দপ্তর/সংস্থা প্রধান (সকল)।
৩) সিনিয়র সহকারী সচিব, কর্মসম্পাদন ব্যবস্থাপনা (নীতি ও সমন্বয়) শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪) সচিবের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫) সিস্টেম এনালিস্ট, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (শুদ্ধাচার সেবা বক্সে আপলোডের অনুরোধসহ)।
৬) অফিস নথি।

(জাহিদুল ইসলাম)
যুগ্মসচিব